371 mm X 138 mm

## What is Free-breath® Spacer?

**Free-breath**® Spacer is a portable inhalation device used to increase the ease of administering medication from a metered dose inhaler (MDI). The chamber of this spacer adds reservoir for the aerosol, allowing the patient easier to coordinate breathing in. When using a metered dose inhaler (MDI) it is important that you press the canister to release the medicine just as you start to breathe in.

## Why do you need Free-breath® Spacer?

In order to properly use an inhaler without a spacer, you have to coordinate a certain number of actions in a set order (pressing down on the inhaler, breathing deeply as soon as the medication is released, holding breath, exhaling) and not all asthma patients are able to master this sequence. Use of a spacer avoids such timing issues. Spacer slows down the speed of the aerosol coming from the inhaler, allowing more drug to get into the lungs.

## Who should use Free-breath® Spacer for inhalation?

√ Anyone who faces difficulty in coordinating actuation of their inhaler with inhalation
√ Any child under the age of 6 using an inhaler
√ Anyone at any age taking inhaled corticosteroids
√ Elderly patients using an inhaler


## What are the parts of Free-breath® Spacer?

1. Comfortable silicone mask- Gently fits to the face providing a safe seal.
2. Easy flow exhalation valve- Directs exhaled flow away from the patient's face.
3. Low resistance inhalation valve- Allows patients to easily inhale their medicine.
4. Anti-static chamber- Maximizes aerosol suspension time, allowing patients more time to inhale their medication.
5. Small and portable chamber- Ideal size for convenience and clinical effectiveness.
6. Universal back piece- Fits all commonly prescribed MDIs.





## How to use Free-breath® Spacer?


1. Assemble face mask to mouthpiece of your spacer device.




2. Remove the cap from the inhaler.



3. Shake the inhaler immediately before each use (as prescribed). Insert the MDI into the back piece of the chamber (opposite to the mouthpiece).




4. Put the mouthpiece into the mouth and close the lips around it to ensure effective seal. Then breathe out gently. Do not bite.





Or

Apply mask to the face and ensure an effective seal. Then breathe out gently.




5. First, press the inhaler and breathe in slowly and deeply through the mouth until a full breath is taken. Hold breath for 8-10 seconds, if possible. Otherwise, keep lips tight on the mouthpiece, breathe normally 2-3 times through the chamber after MDI is pressed. Inhale slowly, do not inhale too quickly. Administer one (1) puff at a time. While using with face mask, maintain seal for 5-6 breaths after the MDI is pressed.





6. If a second dose is required, keep the inhaler upright and wait for at least one minute before repeating steps 3 to 5.




7. After use, remove the inhaler and replace the cover. Keep the spacer properly to prevent dust and fluff entering into mouthpiece.

Note: Children should be supervised by an adult when using this spacer.


## How to care and clean your Spacer?

It is recommended that **Free-breath**® Spacer is cleaned once a week.


1. Remove the back piece and face mask. Do not remove valves during cleaning.




2. Soak the parts for 15 minutes in a mild solution of liquid dish detergent and lukewarm water. Agitate gently. Remember, spacer may be permanently damaged if boiled, sterilized or cleaned with a dishwasher at temperature above 70ºC. Rinse parts in clean water.




3. Shake out excess water from the parts. Do not rub dry.



4. Allow to air dry in a vertical position. Ensure that every parts are dried before re-assembly.



5. Adjust the alignment and press firmly to attach the back piece.



Note:
1. Spacer may need to replace after 12 months of use. Environmental conditions, storage and proper cleaning can affect spacer life span.
2. Do not share this medical device.
3. If you notice medication build-up in your chamber, wash the inside of the chamber gently with a soft cloth.

# Patient's Information

Free-breath®

Please read instruction carefully before using your spacer

® Registered Trade Mark

**Advanced Chemical Industries Limited**
7, Hajeegonj Road, Godnyl
Narayangonj, Bangladesh

030727

## ফ্রি-ব্রেথ® স্পেসার কি?

**ফ্রি-ব্রেথ**® স্পেসার একটি বহনযোগ্য ডিভাইস যা ইনহেলারের ওষুধের গ্রহণমাত্রা বাড়াতে সাহায্য করে। স্পেসারের চেম্বার অ্যারোসলকৃত ওষুধ আবদ্ধ রাখে, ফলে রোগী একাধিক শ্বাস গ্রহণের মাধ্যমে ওষুধ ফুসফুসে নিতে পারেন। উপযুক্ত কার্যকারিতার জন্য স্পেসারে ইনহেলারের ওষুধ চাপ দেয়ার খুব অল্পসময়ের মধ্যেই গ্রহণ করা উচিত।

## ফ্রি-ব্রেথ® স্পেসার কেন প্রয়োজন হয়?

আপনি যদি স্পেসার ছাড়াই ইনহেলার গ্রহণ করতে চান, তবে আপনাকে কয়েকটি ধাপ নিপুণ ভাবে সমন্বয় সাধন করতে হবে যেমন ইনহেলারটি চাপ দেয়া, দ্রুত গতিতে ওষুধ বের হবার সাথে সাথেই দ্রুত ও গভীরভাবে শ্বাস গ্রহণ করা, শ্বাস ধরে রাখা এবং শ্বাস বের করা। কিন্তু দেখা গেছে যে, বেশিরভাগ অ্যাজমা রোগীরা এই সমন্বয়গুলো সঠিকভাবে করতে পারেন না, ফলে ওষুধের অপচয় হয়। **ফ্রি-ব্রেথ**® স্পেসার ইনহেলার থেকে অতি দ্রুত ওষুধ বেরিয়ে আসার গতি কমিয়ে দেয়। ফলে অ্যাজমার ওষুধ মুখের ভিতরে বাধা পেয়ে অপচয় হয় না বরং রোগী আরামের সাথে একাধিকবার শ্বাস গ্রহণের মাধ্যমে ফুসফুসে নিতে পারেন।

## কোন ধরনের রোগীদের ফ্রি-ব্রেথ® স্পেসার ব্যবহার করা উচিত?

√ যারা ইনহেলার চাপ প্রয়োগ ও শ্বাস গ্রহণের সমন্বয় করতে পারে না
√ ৬ বছরের নিচে ইনহেলার ব্যবহারকারী যেকোন শিশু
√ ইনহেল্ড কর্টিকোস্টেরয়েড (ICS) গ্রহণকারী যেকোন রোগী
√ বয়স্ক রোগী, যাদের ইনহেলার নিতে হয়


## ফ্রি-ব্রেথ® স্পেসারে কি কি অংশ রয়েছে?

১. আরামদায়ক সিলিকন মাস্ক - যা মুখে সহজেই আটকে যায়
২. নিঃশ্বাসের জন্য রয়েছে Exhalation valve
৩. সহজে শ্বাস গ্রহণের সাথে ওষুধ নেয়ার জন্য রয়েছে Inhalation valve
৪. এন্টি-স্ট্যাটিক চেম্বার যা ইনহেলার থেকে বেরিয়ে আসা ওষুধ চেম্বারের গায়ে জমাট বাধতে দেয় না এবং দীর্ঘসময় চেম্বারে আবদ্ধ রাখে
৫. ছোট, সহজেই বহনযোগ্য চেম্বার
৬. Universal back piece (সার্বজনীন ব্যাক পিস)- সবরকম ইনহেলার ধারণে সক্ষম





## ফ্রি-ব্রেথ® স্পেসার কিভাবে ব্যবহার করতে হয়?


১. ফেস মাস্কটি মাউথপিসের সাথে (স্পেসারের সামনের অংশ) জোড়া দিন।




২. ইনহেলারের কভারটি খুলে ফেলুন।



৩. ইনহেলারটি ভালভাবে ঝাঁকিয়ে নিন। অতঃপর স্পেসারের পিছনের অংশে (ব্যাক পিস) নির্দিষ্ট স্থানে স্থাপন করুন।




৪. মাউথপিসটি মুখে নিন এবং ঠোঁট দিয়ে আটকে নিন। অতঃপর ধীরে শ্বাস ত্যাগ করুন। কামড় দেয়া যাবে না।





অথবা

যারা মাস্ক ব্যবহার করবেন, মাস্কটি মুখে ভালভাবে লাগিয়ে নিন। অতঃপর ধীরে শ্বাস ত্যাগ করুন।




৫. প্রথমে ইনহেলারে চাপ দিন। ধীরে ধীরে গভীর শ্বাসের মাধ্যমে ওষুধ গ্রহণ করুন। যদি সম্ভব হয় ৮-১০ সেকেন্ড শ্বাস ধরে রাখুন, আর না হলে ইনহেলারে চাপ প্রয়োগ করে মাউথপিস অথবা মাস্ক মুখে রেখেই ২-৩ বার স্বাভাবিক শ্বাস গ্রহণের মাধ্যমে ওষুধ নিন। অতিরিক্ত জোরে শ্বাস গ্রহণ করবেন না, ধীরে ধীরে শ্বাস নিন। মনে রাখবেন, এটি এক চাপ ওষুধ গ্রহণের নিয়ম। মাস্ক ব্যবহারের ক্ষেত্রে ইনহেলার চাপ দেয়ার পর ৫-৬ বার শ্বাস নেওয়া পর্যন্ত তা আটকে রাখুন।





৬. দ্বিতীয় ডোজের জন্য ইনহেলারটি সোজা করে কমপক্ষে ১ মিনিট অপেক্ষা করুন এবং ৩ নং থেকে ৫ নং ধাপ সমূহ আবার করুন।




৭. ব্যবহারের পর ইনহেলারটি খুলে ফেলুন এবং এর কভারটি পুনরায় লাগিয়ে রাখুন। স্পেসারটি এমনভাবে সংরক্ষণ করুন যাতে মাউথপিসে ধুলাবালি এবং বাতাসে ভাসমান আঁশ ইত্যাদি ঢুকতে না পারে।

বিঃ দ্রঃ শিশুদের ব্যবহারের সময় প্রাপ্ত বয়স্ক লোকের সাহায্য নিতে হবে।


## কিভাবে স্পেসার পরিষ্কার করতে হয়?

**ফ্রি-ব্রেথ**® স্পেসার সপ্তাহে অন্তত ১ বার পরিষ্কার করা উচিত।


১. স্পেসারের পেছনের অংশ (ব্যাক পিস) এবং ফেস মাস্ক টেনে আলাদা করুন। খেয়াল রাখবেন পরিষ্কার করার সময় সামনের ভালভটি যেন আলাদা না হয়।




২. হালকা গরম পানিতে ডিটারজেন্ট মিশিয়ে তাতে ১৫ মিনিট স্পেসারের আলাদা করা অংশগুলো ডুবিয়ে রাখুন এবং ধীরে ধীরে নাড়ুন। অতঃপর পরিষ্কার পানিতে ধুয়ে নিন। মনে রাখতে হবে, স্পেসার যদি ৭০° সে. এর অধিক তাপমাত্রায় ফুটানো বা জীবাণুমুক্ত করা হয়, তাহলে স্থায়ীভাবে নষ্ট হয়ে যেতে পারে।




৩. পানিতে ধোয়া হলে ভালভাবে ঝাঁকিয়ে অতিরিক্ত পানি ঝেড়ে ফেলুন। কোন কিছু দিয়ে মুছবেন না।



৪. সম্পূর্ণ শুকিয়ে যাওয়া নিশ্চিত করতে স্পেসারটি লম্বালম্বি ভাবে দাঁড় করিয়ে বাতাসে শুকিয়ে নিন ।



৫. স্পেসারের পিছনের অংশ (ব্যাক পিস) সঠিকভাবে চাপ প্রয়োগ করে পুনরায় লাগিয়ে নিন।



বিঃ দ্রঃ
১। স্পেসারটি ১২ মাস ব্যবহারের পরে বদলে নিতে হতে পারে। পরিবেশগত অবস্থা, সংরক্ষণ এবং পরিষ্কার পদ্ধতি এর মেয়াদকালকে প্রভাবিত করতে পারে।
২। ডিভাইসটি অন্য রোগীর সাথে শেয়ার করবেন না।
৩। ওষুধ চেম্বারে জমে গেলে নরম কাপড় দিয়ে স্পেসারের ভিতর পরিষ্কার করতে হবে।

# রোগীর প্রয়োজনীয় তথ্যাবলী

ফ্রি-ব্রেথ®

ব্যবহারের পূর্বে প্রদত্ত নির্দেশাবলী ভালভাবে পড়ে নিন

® রেজিস্টার্ড ট্রেড মার্ক

**এডভান্সড কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ লিমিটেড**
৭, হাজীগঞ্জ রোড, গোদনাইল
নারায়ণগঞ্জ, বাংলাদেশ